গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.১৯৬

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ৬০০০ মে.টন ঢালা গমের চলাচল সূচি**

সূত্র: সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো এর ৩০/০৫/২০২০ খ্রি. তারিখের ১৩.১০.০০০০.০০৭.৫০.২৮১.০৩.৭৪.১৪৯১ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগদ ক্রয় চুক্তি নং-১৩.০১.০০০০.০৯৩.৪৬.০১৪.২১.১৭ তারিখঃ ০৫/০১/২০২২ (প্যাকেজ-০৬) এর অধীনে ভারত হতে আগতব্য MV. BULK MANARA জাহাজটি ৫২,৫০০ মে.টন ঢালাগম চট্টগ্রাম ও মোংলা বন্দরে আসার সম্ভাবনা রয়েছে। আগত জাহাজ হতে চট্টগ্রাম বন্দরে ৩১৫০০ মে.টন এবং মোংলা বন্দরে ২১০০০ মে.টন গম চুক্তি অনুযায়ী খালাস করা হবে। মোংলা সাইলোতে অবকাঠামোগত সমস্যা থাকায় সূচি বাস্তবায়নে ধীর গতি বিধায় নারায়ণগঞ্জ সাইলো হতে ঢাকা বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডিতে বিশেষ ওএমএসসহ বিভিন্ন খাতে গম বিলি বিতরণের জন্য গমের সূচি জারি করা প্রয়োজন। সূত্রস্থ স্মারকে নারায়ণগঞ্জ সাইলোতে জাহাজ হতে ঢালা গম খালাসের জন্য দুইটি Stationary Type Ship Unloader ব্যবহার করা হয়। ব্যবহৃত Ship Unloader দুইটির Boom Structure এর Operational Movement (in-out, up-down, left-right) এবং জেটির উচ্চতা বিবেচনায় ৫০০ মে.টন ধারণ ক্ষমতার কম জাহাজ বা বার্জ হতে গম খালাস করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। মোংলা সাইলো হতে জাহাজ বা বার্জের ধারণ ক্ষমতা ৫০০ মে.টনের কম জাহাজ নারায়ণগঞ্জ সাইলোতে প্রেরণ না করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

০৩/১২/২০১৮ খ্রি. তারিখে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে নৌপথে সুষ্ঠুভাবে খাদ্যশস্য পরিবহণ সংক্রান্ত বিষয়ে মতবিনিময় সভায় সিদ্ধান্ত মোতাবেক এবং **"খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮"** এর ৪.১৮, ৭.১ (ক) ও ৭.১ (খ) অনুচ্ছেদ মোতাবেকে মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে ঢালা গমের রুট না থাকায় চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোর সর্বনিম্ন দরে ৮৯৪.৫০ টাকা প্রতি মে. টনে (মেজর ক্যারিয়ার, খুলনা ও ডিবিসিসি খুলনা-বরিশাল ঠিকাদারগণের মাধ্যমে) মোংলা সাইলো হতে ওয়ারেন্টি অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে ৬০০০ মে. টন ঢালা গমের চলাচল সূচি নৌপথে নিম্নোক্তভাবে নির্দেশক্রমে জারি করা হলো। উল্লেখ্য, নারায়ণগঞ্জ সাইলো জেটির উচ্চতা বিবেচনায় ৫০০ মে.টন ধারণ ক্ষমতার কম জাহাজ বা বার্জ হতে গম খালাস করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ মর্মে সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ মতামতের প্রেক্ষিতে ছোট জাহাজসমূহকে সূচি'র বাহিরে রেখে অবশিষ্ট জাহাজসমূহকে প্রস্তাবিত সূচির জন্য বিবেচনা করা হবে।

নৌপথে গমের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | মোংলা সাইলো | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ সাইলো | ৬০০০ | ঢালা গম | নৌ পথ | চসসা বিভাগ উপসূচি জারি করবেন। |
| | | | মোট = | ৬০০০ | | | |

**নির্দেশনাসমূহ:**

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, মোংলা সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করাবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। ওজনের তারতম্য পরিহারের জন্য প্রেরণ কেন্দ্র কর্তৃক একটি কমিটি গঠন করে প্রেরণ কার্যক্রম তদারকী করবেন এবং ঠিকাদারের জাহাজে গম বোঝাইয়ের পর এয়ার টাইট সীল করে জাহাজ নারায়ণগঞ্জ সাইলোতে প্রেরণ করবেন। পক্ষান্তরে নারায়ণগঞ্জ সাইলো একটি কমিটি গঠন করে এয়ার টাইট সীলের সঠিকতা নিশ্চিত হয়ে কমিটির তদারকিতে খালাস কার্যক্রম গ্রহণ করবেন। স্কেল সংক্রান্ত জটিলতাসহ কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (সাইলো সুপারগণ) তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ২৮/০২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৪-২-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক

প্রাপক :
১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
২) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট
৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.১৯৬/১(৯)

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
৬) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ................................
৯) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪-২-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক